**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **২৬ আশ্বিন, ১৪৩০** বঙ্গাব্দ/ **১১ অক্টোবর, ২০২৩** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং ২৮৬-আইন/আয়কর-১৬/২০২৩/-** জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (১) এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করিয়া উক্ত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হইতে এতদ্দারা অব্যাহতি প্রদান করিল, যথা:

**সারণী**

| **আয়ের উৎস** | **যে ধারার অধীন উৎসে কর কর্তনযোগ্য** | **যে সকল ব্যক্তির জন্য প্রযোজ্য** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| সম্পত্তি হস্তান্তর হইতে অর্জিত মূলধনি আয় | ১২৫ | সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা |

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড